ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-৩৩৩৯</u>
আগরতলা,২১ অক্টোবর,২০২৫

**বিহার বিধানসভা সাধারণ নির্বাচন ও উপনির্বাচন, ২০২৫: নাগরিকরা এখন ইসি-নেটের সি-ভিজিল অ্যাপের মাধ্যমে ভোট লঙ্ঘনের অভিযোগ জানানোর অধিকারী**

ভারতের নির্বাচন কমিশন (ECI) বিহার বিধানসভার সাধারণ নির্বাচন, ২০২৫ এবং ৮টি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের সময়সূচি ঘোষণা করেছে। কমিশন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলোর সরকারকে নির্দেশ দিয়েছে যাতে তারা আদর্শ আচরণবিধি (Model Code of Conduct) কঠোরভাবে কার্যকর করার জন্য নির্দেশাবলীর সম্পূর্ণ অনুসরণ নিশ্চিত করে।

বিহার রাজ্যজুড়ে মোট ৮২৪টি ফ্লাইং স্কোয়াড মোতায়েন করা হয়েছে যাতে অভিযোগ পাওয়ার ১০০ মিনিটের মধ্যে ব্যবস্থা নেওয়া যায়।

নাগরিক ও রাজনৈতিক দলগুলো ইসি-নেট -এর মাধ্যমে সি-ভিজিল অ্যাপ ব্যবহার করে আদর্শ আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ জানাতে পারেন।

২১ অক্টোবর, ২০২৫ তারিখ পর্যন্ত, বিহার নির্বাচন ও উপনির্বাচন-সংক্রান্ত রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলে সি-ভিজিল অ্যাপের মাধ্যমে মোট ৬৫০টি অভিযোগ দায়ের করা হয়েছে। এর মধ্যে ৬৪৯টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে, এবং ৬১২টি অভিযোগ (অর্থাৎ ৯৪%) অভিযোগ পাওয়ার ১০০ মিনিটের মধ্যে সমাধান করা হয়েছে।

একটি অভিযোগ মনিটরিং সিস্টেম গঠন করা হয়েছে, যার মধ্যে কল সেন্টার নম্বর ১৯৫০ চালু রয়েছে। যে কেউ সাধারণ নাগরিক বা রাজনৈতিক দলের সদস্য সংশ্লিষ্ট জেলা নির্বাচন অধিকারিক (DEO)/রিটার্নিং অফিসার (RO)-এর কাছে এই নম্বরে অভিযোগ জানাতে পারেন। এই সিস্টেমটি এখন (২৪x৭) কার্যকর অবস্থায় রয়েছে।

এছাড়াও, ২১ অক্টোবর, ২০২৫ তারিখ পর্যন্ত বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে বহু-আইন প্রয়োগকারী সংস্থার সমন্বিত প্রচেষ্টার মাধ্যমে নগদ অর্থ, মদ, মাদকদ্রব্য, মূল্যবান ধাতু এবং অন্যান্য ফ্রি সামগ্রীসহ মোট ৭১.৩২ কোটি টাকার বেশি মূল্যের জিনিসপত্র বাজেয়াপ্ত করা হয়েছে। রাজ্য নির্বাচন দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****